মেহেরপুর পৌরসভা·
মেহেরপুর।

'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৪/০৬/২০১৯ ইং তারিখ রোজ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার কাঁলাচাদ সভাকক্ষে পৌরসভার 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা মোছাঃ আলপনা খাতুন।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর পরিশিষ্ঠ "ক" তে দেখানো হল।

আলোচ্য সূচী:

১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
২. UGIIP-III প্রকল্পের আওতায় অনুমোদিত ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়নের কাজ অতিদ্রুত শুরু করণ প্রসংগে।
৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় মোছাঃ আলপনা খাতুন আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৯/০৫/২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল
UGIIP-III প্রকল্পের আওতায় অনুমোদিত ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়নের কাজ অতিদ্রুত শুরু করণ প্রসংগে।	সভাপতি মহোদয় সভায় জানান, মেহেরপুর পৌরসভায় ইতিপূর্বে ৬টি বস্তিতে বস্তি উন্নয়ন কার্যক্রমের আওতায় পূর্ত কাজের জন্য অনুমোদন পাওয়া গেছে। প্রকল্পের নির্দেশনা মোতাবেক এস আইসির সহিত মেয়র মহোদয়ের দ্বি-পাক্ষিক চুক্তি সম্পন্ন হয়েছে এবং যাবতীয় কাগজপত্র প্রস্তুত পূর্বক প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছে। সভাপতি মহোদয় সভায় আরোও জানান, ইতি মধ্যে বস্তির পূর্তকাজের ১ম কিস্তির জন্য ১,২০,০০,০০০.০০ টাকা পাওয়া গেছে। তিনি বস্তি উন্নয়ন কর্মকর্তার নিকট জানতে চান কবে নাগাদ এই কাজ শুরু করা যাবে? বস্তি উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ১ম কিস্তির টাকা চেয়ে ইতি মধ্যে আবেদন করা হয়েছে। আবেদন অনুযায়ী মেয়র মহোদয়ের অনুমোদনের পর বর্তমানে ফাইল	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা।

	হিসাব শাখায় রয়েছে। অচিরেই হয়ত ১ম কিস্তির টাকা পাওয়া যাবে। তিনি সভায় জানান ইতি মধ্যে মালামাল ক্রয়ের জন্য মালামালের তালিকা প্রস্তুতের কাজ চলছে। টাকা পাওয়ার পরপরই নির্দেশনা মোতাবেক মালামালগুলি পরীক্ষা করার জন্য ল্যাবে প্রেরণ করা হবে। ল্যাব টেষ্টের রিপোর্ট পাওয়া মাত্রই কাজ শুরু করা হবে। ইতি মধ্যে এস আই সি অন্যান্য প্রস্তুতিও সম্পন্ন করে রাখবে যাতে দ্রুত কাজ শুরু করা যায়। মেয়র মহোদয় সভায় বলেন, অতিদ্রুত সময়ের মধ্যে কাজ শুরু করতে হবে এবং চেষ্টা করতে হবে চুক্তি মোতাবেক যাতে ১ বছরের মধ্যে সমস্ত কাজ শেষ করা যায়। তিনি এ ব্যাপারে সকলের সহযোগিতা একান্তভাবে কামনা করেন।	
বিবিধ	জনাব আবু হেনা মোস্তফা কামাল, নির্বাহী প্রকৌশলী (চ.দা), মেহেরপুর পৌরসভা সভায় বলেন, মেহেরপুর পৌরসভায় ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট ইতিমধ্যে ঘোষনা করা হয়েছে। সেখানে PRAP এর জন্য বাজেট বরাদ্দ রাখা আছে। ইতিপূর্বে PRAP এর আওতায় বাজেট অনুযায়ী যে সমস্ত কার্যক্রম হবে তার একটি বাৎসরিক কর্মপরিকল্পনা প্রস্তুত করে প্রথম কোয়াটারেই পিডি অফিসে প্রেরণ করা হয়। এবারও বাজেট অনুযায়ী PRAP এর বাৎসরিক কর্মপরিকল্পনা প্রস্তুত পূর্বক পিডি অফিসে প্রেরণ করার জন্য সভাপতির মাধ্যমে অনুরোধ জানান। এ ব্যাপারে সভাপতি মহোদয় সভায় জানান, PRAP এর বাৎসরিক কর্মপরিকল্পনা প্রস্তুত পূর্বক তা সংশ্লিষ্ঠ সকলের অবগত করে প্রকল্প অফিসে প্রথম কোয়াটারের মধ্যে প্রেরণ করার জন্য বস্তি উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করেন।	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ আলপনা খাতুন)
কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড (সংরক্ষিত)
ও সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি,
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" (সেক্টর) প্রকল্প।
২. ...., সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার তারিখঃ ২৪/০৬/২০১৯ ইং

সভার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাব মোছাঃ শিউলী খাতুন	কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা	শিউলী
৩	জনাব হামিদা	কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা	হামিদা
৪	জনাব মোঃ আল মামুন	কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব আবু হেনা মোস্তফা কামাল	নির্বাহী প্রকৌশলী (চ.দা), মেহেরপুর পৌরসভা	24/06/19
৬	হোসনে আরা	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	হোসনেআরা
৭	মাসুদ শেখ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	মাসুদ
৮	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	
৯	[illegible]	LGED CUGIP-3	
১০			